

## মুখ ও মুখোশ

রণধীর দে

স্বল্প দিনের ব্যবধানে ছেলে ও মেয়ের বিয়ে দিয়ে এক ভদ্রমহিলা প্রতিবেশীদের আলোচনার কেন্দ্রবিন্দুতে আসায় বেশ গর্ববোধ করতেন।। পড়শি একজন প্রশ্ন করল— “দিদি, আপনার জামাই কেমন হয়েছে”? জামাতা গরবে গরবিনী ভদ্রমহিলা জানালেন— “ভগবানের কৃপায় আমার জামাই এত ভালো হয়েছে যে কী বলব? শাশুড়ী বলতে অঞ্জলি। মেয়েকে সঙ্গে নিয়ে যখনই সুযোগ পায় চলে আসে। ছুটির দিনে শালা-শালীদের নিয়ে সিনেমা দেখতে যায়। বেড়াতে যায়, হই-হুল্লোড় করে। সবাই বেশ খুশি...।”

পড়শির পরের প্রশ্ন— “তা দিদি, আপনার ছেলের বউ কেমন হল?” সঙ্গে সঙ্গে ভদ্রমহিলার মুখ ব্যাজার হয়ে গেল। সিনেমার খল নায়িকার মত মুখ বিকৃত করে বলে উঠলেন— “সবই কপাল, আমার। কর্তাকে পই পই করে বারণ করলাম হাড় হাভাতে ঘর থেকে মেয়ে এনো না। তা শুনলে তো! বিয়ের পর ছেলেটা আমার পর হয়ে গেল। সব সময় স্বশুর বাড়িতে পড়ে থাকে, বউয়ের ন্যাওটা।”